দৈনিক বাংলা

09 JUL 1993
তারিখ
পৃষ্ঠা ৭ কলাম ২

# ঢাকা ভার্সিটির একাডেমিক ক্যালেন্ডার চালু

রুহুল গনি জ্যোতি ঃ চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি ব্যতিক্রমধর্মী উদ্যোগ নিয়েছেন। এ উদ্যোগ সফল হলে বাংলাদেশের উচ্চ শিক্ষার ক্ষেত্রে এটি একটি মাইল ফলক হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। আমাদের দেশের কোন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরনের উদ্যোগ এই প্রথম।

ব্যতিক্রমধর্মী এ উদ্যোগটি হচ্ছে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় কর্মকাণ্ডকে একটি নিয়মের শৃংখলে বাঁধা। একাডেমিক ক্যালেন্ডার প্রবর্তনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ লক্ষ্য বাস্তবায়নের প্রাথমিক পদক্ষেপ ইতিমধ্যে সমাপ্ত করেছেন। প্রাথমিকভাবে ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষের অনার্সের প্রথম বর্ষ প্রথম সেমিস্টার এবং ১৯৯১-৯২ শিক্ষাবর্ষের প্রথম পর্ব মাস্টার্স ডিগ্রী শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য এই একাডেমী ক্যালেন্ডার প্রবর্তন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ অদূর ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ে সমগ্র শিক্ষা কার্যক্রম এ ক্যালেন্ডারের আওতায় নিয়ে আসতে সক্ষম হবেন বলে আশা প্রকাশ করেছেন। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমেদ জানিয়েছেন, ছাত্র-শিক্ষক-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা পেলে খুব শীঘ্রই এ ব্যাপারে সাফল্য অর্জন সম্ভব হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মত এত বড় একটি শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরনের একাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়ন কিভাবে সম্ভব জানতে চাইলে ভাইস চ্যান্সেলর বলেন, আমার বিশ্বাস, অধিকাংশ ছাত্রছাত্রই এখানে আসে পড়াশুনা করতে। তারা ভালভাবে পড়াশুনা করে যথাসময়ে পরীক্ষা দিতে চায়। তিনি বলেন, একাডেমিক ক্যালেন্ডারে বর্ণিত দিনক্ষণ অনুযায়ী যাতে চলতি শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় কর্মকাণ্ড পরিচালিত হতে পারে, সেজন্যে আমরা সর্বোচ্চ চেষ্টা করে যাব।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীর বর্তমান সংখ্যা প্রায় ২৮ হাজার। ১৯২১ সালে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে বর্তমান সময় পর্যন্ত এর বিকাশ অব্যাহত রয়েছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সংখ্যা প্রায় ১২শ।

৬টি অনুষদে বিভক্ত এ বিশ্ববিদ্যালয়ে মোট বিভাগ ৪১টি, ইনস্টিটিউট সংখ্যা ৭টি এবং মোট ১৩টি গবেষণা কেন্দ্র রয়েছে। প্রাথমিক পদক্ষেপ হিসাবে অধিকাংশ বিভাগ ও ইনস্টিটিউটের যাবতীয় কর্মকাণ্ডই একাডেমিক ক্যালেন্ডারে বর্ণিত হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক কর্মকাণ্ড, ক্রীড়া ও শরীরচর্চা, ডাকসুসহ অন্যান্য সহশিক্ষা কার্যক্রমের রুটিনও রয়েছে এ ক্যালেন্ডারে।

গত ৪ জুলাই থেকে আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে এ ক্যালেন্ডার বিক্রি শুরু হয়েছে। ঝকঝকে তকতকে অফসেট কাগজে ছাপা ক্যালেন্ডারের ৪ রঙা প্রচ্ছদ বেশ আকর্ষণীয়। মোট ৬২ পৃষ্ঠার এ ক্যালেন্ডারের দাম মাত্র ৪০ টাকা।